# পাঁচবিবি উপজেলা পরিষদের আগস্ট, ২০২১ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ মনিরুল শহিদ মন্ডল
চেয়ারম্যান ,উপজেলা পরিষদ
পাঁচবিবি, জয়পুরহাট

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, পাঁচবিবি, জয়পুরহাট

তারিখ : ২৬/০৮/২০২১ খ্রি.

সময় : সকাল ১০: ৩০ ঘটিকা

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা- পরিশিষ্ট ''ক'' তে দেখানো হলোঃ

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর পূর্ববতী সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কোন প্রকার আপত্তি বা সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ (Confirmation) করা হয় এবং আলোচ্য সূচি অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

২। বিভাগীয় আলোচনা :

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| (১) | স্বাস্থ্য বিভাগ : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার পাঁচবিবি সভায় অনুপস্থিত। তবে তাঁর পক্ষে প্রতিনিধি বলেন যে, হাসপাতালে আউটডোর ও ইনডোরে জনগণের স্বাস্থ্য সেবা ও চিকিৎসা সেবা প্রদান অব্যাহত আছে। তিনি জানান করোনার টিকা প্রদান অব্যাহত আছে। টিকা প্রদানের নিমিত্ত জনগণকে আরো উৎসাহী করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তিনি আরো বলেন যে, হাসপাতালের গেটের সামনের রাস্তা সংকীর্ণ, সংস্কার করা প্রয়োজন | পাঁচবিবি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা প্রদান, করোনা টেষ্ট ও করোনার টিকা প্রদান অব্যাহত রাখতে হবে। করোনা টিকা কার্যক্রমে সংশ্লিষ্ট উপজেলা কমিটির সভা আহবান করে সিদ্ধান্ত গ্রহণপূর্বক সুষ্ঠভাবে টিকা কার্যক্রম সম্পাদন করতে হবে। হাসপাতালের গেটের সামনের রাস্তা সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | ১.উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, পাঁচবিবি<br>২.উপজেলা প্রকৌশলী, পচবিবি<br>৩.চেয়ারম্যান, আটাপুর ইউপি |
| (২) | প্রকৌশল বিভাগ : উপজেলা প্রকৌশলী, পাঁচবিবি, জয়পুরহাট সভায় জানান ২০২০-২১ অর্থ বছরে ADP এর সকল প্রাপ্ত বরাদ্দকৃত অর্থের ভিত্তিতে প্রকল্প গ্রহণপূর্বক প্রকল্পগুলোর কাজ যথাযথভাবে সম্পন্ন হয়েছে। পি,আই,সি এর মাধ্যমে গৃহীত প্রকল্পগুলোর কাজ যথারীতি সম্পন্ন হয়েছে। তিনি আরো বলেন যে, ২০২০-২০২১ অর্থবছরে উপজেলা উন্নয়ন সহায়তা খাতের " অনগ্রসর উপজেলা বিবেচনায় " ৫০.০০ ( পঞ্চাশ লক্ষ ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত অর্থ দ্বারা নির্দেশনা অনুযায়ী প্রকল্প গ্রহণ অন্তে প্রকল্পের কাজ যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। তিনি সভায় বলেন ২০২১-২০২২ অর্থবছরে এডিপির ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত অর্থ দ্বারা প্রকল্প গ্রহণের জন্য অগ্রাধিকারভিত্তিতে প্রকল্প তালিকা দাখিরে জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। এলজিএসপি বরাদ্দকৃত অর্থ দ্বারা বাস্তবায়িত কাজের মান সন্তোষজনক রাখার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে আরও সচেতন হওয়ার অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় | ২০২০-২০২১ অর্থবছরের কাজসমূহ পরিদর্শন করে কোন ত্রুটি থাকলে তা নিরসন করতে হবে। ২০২১-২০২২ অর্থবছরে এডিপির বরাদ্দকৃত অর্থ দ্বারা প্রকল্প বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণসহ এলজিএসপি ও সকল কার্যক্রম সন্তোষজনকভাবে সম্পন্ন করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপ: প্রকৌশলী<br>৪। ইউপি চেয়ারম্যানগণ |
| (৩) | কৃষি বিভাগ ঃ উপজেলা কৃষি অফিসার, পাঁচবিবি, জয়পুরহাট সভায় বলেন যে, চলমান আমন মৌসুমে ২০০১৫ হেক্টর জমিতে আমন ধান চাষাবাদ হচ্ছে। সার, বীজ, কীটনাশক মজুদ সন্তোষজনক পর্যায়ে রয়েছে। কৃষি পণ্যের মূল্য যাতে বেশী না হয় সেজন্য মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। নিরাপদ খাদ্য উৎপাদনের জন্য উদ্বুদ্ধকরণ কার্যক্রম, মাঠ দিবস, উঠান বৈঠক কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | অধিক ফসল উৎপাদনে চাষী পর্য্যায়ে সকল পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে। কৃষকের নিকট হতে সারের বেশী মূল্য নেয়া যাবেনা মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এক্ষেত্রে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে | উপজেলা কৃষি অফিসার, পাঁচবিবি। |
| (৪) | প্রাণিসম্পদ বিভাগ : উপজেলা প্রাণিসম্পদ অফিসার, পাঁচবিবি সভায় বলেন যে, জুলাই, ২০২১ মাসে এ অফিসের মাধ্যমে ৪১,৪০০ মাত্রা গবাদী পশু ও হাঁস-মুরগীর টিকা প্রদানসহ গবাদীপশু এবং হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান অব্যাহত আছে। এছাড়া ১৮৫০টি গাভী ও বকনাকে কৃত্রিম প্রজনন করা হয়েছে। তিনি আরো বলেন যে, খামার পরিদর্শন ও তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান ১২০ জনকে কৃষক প্রশিক্ষন প্রদান করা হয়েছে। এছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। | গবাদীপশু ও হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান অব্যাহত রাখতে হবে | ১.উপজেলা প্রাণিসম্পদ অফিসার, পাঁচবিবি; |
| (৫) | উপজেলা সমাজসেবা বিভাগ : উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সভায় বলেন যে, মোবাইল ফাইনান্সিয়াল সার্ভিস এর মাধ্যমে সামাজিক নিরাপত্তা ভাতা প্রদানের জন্য ভাতাভোগীর কর্তৃক বিকাশ নম্বর যাচাইপূর্বক তালিকায় ভাতাভোগীর স্বাক্ষর নিশ্চিত করার জন্য মেয়র, পাঁচবিবি পৌরসভা ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। উপজেলা সমাজসেবা দপ্তরের কার্যক্রম আরো গতিশীল করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, পাঁচবিবি সভায় অনুরোধ জানান। | সুষ্ঠ ও স্বাভাবিকভাবে সকল ভাতা নির্ধারিত সময়ে বিতরণ কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে এবং দাপ্তরিক কার্যক্রমের গতি আরো বাড়াতে হবে ও সকল ভাতাভোগীর সঠিক তথ্যসহ সঠিক মোবাইল নম্বরের মাধ্যমে ভাতা প্রদান করতে হবে | উপজেলা সমাজসেবাকর্মকর্তা পাঁচবিবি |

| | | | |
|---|---|---|---|
| ৬) | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরঃ<br>উপজেলা উপজেলা যুব উন্নয়ন অফিসার, পাঁচবিবি, সভায় বলেন যে, জুলাই, ২০২১ মাসে ঋণ আদায়, বিতরণ অব্যাহত আছে। এ প্রসংগে উপজেলা নির্বাহী অফিসার, পাঁচবিবি বলেন সংশ্লিষ্ট সকলকে নিয়ে উপকারভোগী নির্বাচনসহ যথাযথভাবে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম পরিচালনা করতে হবে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় | উপজেলা যুব উন্নয়ন অফিসার সংশ্লিষ্ট সকলকে নিয়ে উপকারভোগী নির্বাচনসহ যথাযথভাবে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম পরিচালনা করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো | উপজেলা যুব উন্নয়ন অফিসার, পাঁচবিবি |
| (৭) | সিনিয়র উপজেলা মৎস্য বিভাগ :<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পাঁচবিবি সভায় বলেন যে, আগামী ২৮/০৮/২০২১ তারিখ হতে ০৩/০৯/২০২১ তারিখ পর্যন্ত ০৭ (সাত) দিন জাতীয় মৎস্য সপ্তাহ/২০২১ উদযাপন করা হবে এবং ০২/০৯/২০২১ খ্রিঃ তারিখ রাজস্ব বাজেটের আওতায় বিভিন্ন প্রাতিষ্ঠানিক সরকারি মৎস্য বীজ উৎপাদন খামার হতে বিনা মূল্যে মাছের পোনা বিতরণ করা হবে। এছাড়া তাঁর দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় জানান | জাতীয় মৎস্য সপ্তাহ পালনসহ মৎস্য চাষীকে মাছ চাষ ও মাছের রোগ বিষয়ে পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে । | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পাঁচবিবি |
| (৮) | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন :<br>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন অফিসার, পাঁচবিবি, সভায় অনুপস্থিত থাকার কারণে তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না । আগামী সভায় দাপ্তরিক কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন অফিসার, পাঁচবিবি উপস্থিত থাকার বিষয়ে আলোচনা হয় | বিভাগীয় কার্যক্রমের প্রতিবেদনসহ বিনা ব্যর্থতায় উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন অফিসার, পাঁচবিবি আগামী সভায় উপস্থিত থাকবেন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসার,পাঁচবিবি |
| (৯) | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ :<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পাঁচবিবি, সভায় বলেন প্রশিক্ষণকেন্দ্রের প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিতভাবে চলছে। আইজিএ প্রশিক্ষণ প্রকপের ১১তম ব্যাচের প্রশিক্ষণ চলছে। ১২তম ব্যাচের প্রশিক্ষণের জন্য অনলাইন আবেদন করার নিমিত্ত আগ্রহী প্রশিক্ষনার্থীদের আহবান জানান। মা ও শিশু সহায়তা কর্মসূচির ২০২১-২০২২ অর্থ বছরের সম্ভাব্য উপকারভোগীদের প্রাথমিক তালিকা প্রস্তুত করার জন্য মেয়র ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগকে অনুরোধ জানান। এ কর্মসূচির সুবিধাভোগীদের উঠনি বৈঠক/সচেতনতামূলক সভার কর্মপরিকল্পনা প্রদানের জন্য অনুরোধ করা হয়। আগস্ট, ২০২১ মাস পর্যন্ত ভিজিডি কর্মসূচির সুবিধাভোগীদের মধ্যে খাদ্য সহায়তা প্রদান অব্যাহত আছে। ব্যাংক হিসাব খোলার কাজ চলমান আছে। এছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম অব্যাহত আছে | সকল ভাতা নির্ধারিত সময়েই বিতরণ কার্যক্রম সম্পন্ন করার বিষয়টি অব্যাহত রাখতে হবে | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, পাঁচবিবি |
| (১০) | পল্লী উন্নয়ন বিভাগ :<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, পাঁচবিবি, সভায় অনুপস্থিত থাকার কারণে তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না । আগামী সভায় দাপ্তরিক কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদনসহ উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন অফিসার, পাঁচবিবি উপস্থিত থাকার বিষয়ে আলোচনা হয় | আগামী সভায় বিভাগীয় কার্যক্রমের প্রতিবেদনসহ উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন অফিমার, পচবিবি উপস্থিত থাকবেন | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, পাঁচবিবি |
| (১১) | উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর :<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, পাঁচবিবি সভায় জানান ২০২০-২০২১ অর্থবছরে নির্বাচনী এলাকাভিত্তিক টি, আর প্রকল্পের আওতায় ১ম পর্যায়ে ২০,৩২,৬৬৬/৬৬ টাকা, উপজেলা পরিষদওয়ারী ১৮,০১,৬৭০/০৬ টাকা এবং কাবিখা প্রকল্পের আওতায় নির্বাচনী এলাকাভিত্তিক ৬০.৫৫৫৫মেঃ টন এবং উপজেলা পরিষদওয়ারী ৭০.৩৩৩১মেঃ টন খাদ্যশস্য বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দসমূহ দ্বারা বাস্তবায়নের জন্য প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং প্রকল্পের কাজ সম্পন্ন করা হয়েছে। তিনি আরো বলেন যে, গত অর্থ বছরের সকল বরাদ্দের কাজ যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। প্রকল্পের কাজ সমাপ্তির পরও তদারকি অব্যাহত আছে। ৩৩৩ থেকে ফোন আসলে তা যাচাই করে সংগে সংগে খাদ্য সহায়তা প্রদান অব্যাহত আছে। চলতি অর্থবছরে এখনও কোন বরাদ্দ পাওয়া যায়নি। এ ছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে মর্মে জানান | টি, আর এবং কাবিখা প্রকল্পের আওতায় প্রাপ্ত বরাদ্দ দ্বারা গৃহীত প্রকল্পসহ সকল কার্যক্রম যথানিয়মে সম্পন্ন করতে হবে এবং নিবিড় তদারকির মাধ্যমে কাজের গুনগতমান নিশ্চিত করতে হবে | ১। উপজেলা নির্বাহী অফিসার, পাঁচবিবি<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, পাঁচবিবি |

| | | | |
|---|---|---|---|
| ) | উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর :<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, পাঁচবিবি সভায় বলেন যে, প্রাতিষ্ঠানিক ডেলিভারী বৃদ্ধির লক্ষ্যে সকল UH&FWC-তে নরমাল ডেলিভারী করানো হচ্ছে। UH&FWC-তে আগত নরমাল ডেলিভারীর রোগীকে প্রণোদনা হিসেবে ৫০০/- টাকা হারে প্রণোদনা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করে প্রস্তাব করেন। এছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম যথাযথভাবে অব্যাহত আছে। | UH&FWC-তে নরমাল ডেলিভারী করানোর বিষয়ে উদ্বুদ্ধ করতে হবে | উপজেলা পরিবার পরি- ল্পনা অফিসা. পাঁচবিবি |
| (১৩) | শিক্ষা বিভাগ :<br>উপজেলা শিক্ষা অফিসার পাঁচবিবি সভায় বলেন যে, বিদ্যালয় চালুর বিষয়ে সরকারি নির্দেশনা মোতাবেক সকল প্রস্তুতি গ্রহণ করা আছে। এছাড়া ১ম-৫ম শ্রেণির ছাত্র-ছাত্রীর লেখাপড়া চালু রাখার জন্য " বাড়ীর কাজ " কর্মসূচি চালু আছে এবং তাঁর দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে | উপজেলা শিক্ষা দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে সম্পন্ন করতে হবে | উপজেলা শিক্ষা অফিসার, পাঁচবিবি |
| (১৪) | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাঁচবিবি সভায় বলেন যে, করোনার জন্য এ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ আছে। তিনি বলেন এ বছরের এসএসসি/ দাখিল পরীক্ষা নভেম্বর মাসে অনুষ্ঠিত হবে। শিক্ষা প্রতিষ্ঠান খোলার জন্য সরকারি নির্দেশনা মোতাবেক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। এছাড়া তাঁর দাপ্তরের অন্যান্য কার্যক্রম চলমান আছে। | শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরিচালনা করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাঁচবিবি |
| (১৫) | উপজেলা সমবায় দপ্তর :<br>উপজেলা সমবায় অফিসার, পাঁচবিবি সভায় বলেন তাঁর দপ্তরের বার্ষিক নিরীক্ষা কার্যক্রম যথারীতি চলছে। আশ্রয়ণ/ আশ্রয়ণ ফেইজ-২ প্রকল্পের ঋণ আদায় কার্যক্রম চলমান আছে। তিনি আশ্রয়ণ প্রকল্পের টিউবওয়েলগুলো মেরামত করার সুপারিশ করেন | বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করাসহ ১০০% ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় অফিসার,পাঁচবিবি |
| (১৬) | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, পাঁচবিবি সভায় বলেন যে, আমার বাড়ী আমার খামার প্রকল্প এর মেয়াদ ৩০ জুন ২০২১ তারিখে শেষ হয়ে গেছে। আমার বাড়ী আমার খামার এর আদলে বর্তমান পল্লী সঞ্চয় ব্যাংক প্রতিষ্ঠিত হয়েছে। এখন থেকে উপজেলা পরিষদের সাধারণ সভায় আমার বাড়ী আমার খামার প্রকল্পের পরিবর্তে পল্লী সঞ্চয় ব্যাংক অন্তর্ভুক্তি করার জন্য সভায় অনুরোধ জানান। তিনি বলেন ঋণ আদায় এবং ঋণ বিতরণ কর্যক্রম অব্যাহত আছে। এছাড়া সঞ্চয় আদায় যথাযথভাবে চলছে এবং দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে | এবং ঋণ আদায় ও বিতরণ ১০০% ভাগ অব্যাহত রাখতে হবে ও যে উদ্দেশ্যে ঋণ প্রদান করা হয়েছে সে উদ্দেশ্যেই উক্ত অর্থ ব্যয় করে তারা নিজেরা স্বাবলম্বী হচ্ছে কিনা তা নিয়মিত তদারকি করতে হবে | উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার |
| (১৭) | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর :<br>সহকারী প্রকৌশলী, পাঁচবিবি সভায় বলেন যে, এ দপ্তরের ২০২০-২০২১ অর্থ বছরে আশ্রয়ণ প্রকল্পে মুজিব শতবর্ষ উপলক্ষে ১২টি অগভীর তারা নলকুপ স্থাপন করা হয়েছে। এছাড়া অত্র অর্থ বছরে অগ্রাধিকারমূলক গ্রামীন পানি সরবরাহ প্রকল্প এবং পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের যথাক্রমে ১৭টি ও ১২টি নলকূপ স্থাপন করা হয়েছে। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় পাঁচবিবি উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াস ব্লকের কাজ চলমান আছে। নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থ বছরের কাজ চলমান আছে। তিনি আরো বলেনপৌরসভায় বিএমডব্লিউএসএসপি প্রকল্পের আওতায় ওভারহেড ট্যাংক, উৎপাদক নলকূপ এবং পাম্প হাউস এর কাজ চলমান আছে। এছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় জানান | নির্ধারিত সময়ের মধ্যেই সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, পাঁচবিবি |

| | | | |
|---|---|---|---|
| ) | বিবিধঃ<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাঁচবিবি এর আগস্ট/২০২১ মাসের ভ্রমন বিবরণী সহ ১০,০০০/- টাকা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাঁচবিবি এর আগস্ট, ২০২১ মাসের ভ্রমন বিবরণী সহ ৫,০০০/-টাকা এবং মহিলা ভাইস চেয়ারম্যান এর আগস্ট/২০২১ মাসের ভ্রমন বিবরণীসহ ৫,০০০/-টাকার ভ্রমন ভাতা বিল দাখিল করে অনুমোদনের সুপারিশ করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় | চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর আগস্ট/ ২০২১ মাসের মোট= ২০,০০০/- টাকা ভ্রমন ভাতা বিল রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার, পাঁচবিবি |
| (খ) | ১) উপজেলা পরিষদের অফিসভবন ও বাসাবাড়ীর সামনে-পিছনের ড্রেন পরিস্কার ও উপজেলা পরিষদ ক্যাম্পাস পরিস্কার বাবদ ১৭,০৫০/- টাকা, উপজেলা পরিষদের কম্পিউটার মেরামত বাবদ ৫,৫০০/- টাকা, টেন্ডার বিজ্ঞপ্তি প্রচার বাবদ পত্রিকা বিল বাবদ ৩১,০৫০/- টাকা, উপজেলা পরিষদের জীপগাড়ীর তেল বাবদ ৩৮,২৮৪/- টাকা, আগস্ট, ২০২১ মাসের সভার আপ্যায়ন বাবদ ৩৮,০০০/- টাকা, আগস্ট, ২০২১ মাসে উপজেলা পরিষদের আনুষঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/- টাকা, আগস্ট, ২০২১ মাসের ইন্টারনেট বিল বাবদ ১,০০০/- টাকা, উপজেলা আরডি-২ বিল্ডিং এর পশ্চিম পার্শ্বে মাটি ভরাট বাবদ ২০,৫০০/- টাকা, উপজেলা পরিষদের জীপগাড়ী সার্ভিসিং বাবদ ২৪,৪৫০/- টাকা, উপজেলা পরিষদের পৌর ট্যাক্স বাবদ ৩,১৫,০০০/- টাকা, উপজেলা পরিষদের সোলারের ব্যাটারী বাবদ ৪০,০০০/- টাকা, সিসি ক্যামেরার মেশিন ও অন্যান্য বাবদ ২৩,৫০০/- টাকা, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর ল্যাট্রিন সংস্কার বাবদ ২৪,৫০০/- টাকা, উপজেলা পরিষদের ২টি এসি মেরামত বাবদ ৮,৫০০/- টাকা ও ৯নং কোয়ার্টার হতে ডরমেটরী পর্যন্ত পানির লাইন সংস্কার বাবদ ২১,৫০০/- টাকাসহ মোট ৬,১৩,৮৩৪/- টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয়িত অর্থের বিল পরিশোধের জন্য ও ব্যয় অনুমোদনের সুপারিশ করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় | উপজেলা পরিষদের বিভিন্ন খাতে ব্যয়িত সর্বমোট= ৬,১৩,৮৩৪/- টাকা ব্যয়ের অনুমোদনসহ ব্যয়িত অর্থের ব্যয় অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো এবং উক্ত ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ পাঁচবিবি<br>২। উপজেলা নির্বাহী অফিসার, পাঁচবিবি |
| (গ) | উপজেলা পরিষদ মালীর জুলাই/২১ মাসের মজুরী বাবদ ১৭,০৫০/- টাকা, ২জন অফিস সহায়কের মজুরী বাবদ ১১,১৬০/- টাকা এবং একজন পরিচ্ছন্ন কর্মীর মজুরী বাবদ ১৭,০৫০/- টাকা ব্যয়ের অনুমোদনের জন্য সভায় সুপারিশ করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় | জুলাই/২১ মাসের উপজেলা পরিষদের বিভিন্ন কর্মচারীর সর্বমোট= ৪৫,২৬০/- টাকা ব্যয়িত অর্থের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |
| (ঘ) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাঁচবিবি সভায় বলেন যে, বরেন্দ্র বহুমূখী উন্নয়ন কর্তৃপক্ষ, ঠাকুরগাঁও সার্কেল এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী গত ১৯/০২/২০২০ তারিখের বিএমডিএ/তঃপ্রঃ/ঠাকুঃ/কারি/ডিপিপ/যোগাযোগ নথি-২০৪/২০১৮-১৯/ ৫৪১ নং স্মারকপত্রের মাধ্যমে বিএমডিএ এর জোনাল অফিস ভবন নির্মাণের জন্য পাঁচবিবি উপজেলা পরিষদ চত্বরে ০১ (এক) একর (১০০ শতাংশ) জায়গা বরাদ্দ দেয়ার জন্য অনুরোধ করেছেন। এ উপজেলায় উক্ত ভবন নির্মাণের জন্য ০১ একর জায়গা না থাকায় ভবনটি নির্মাণের জায়গা বরাদ্দ প্রদান করা সম্ভব হচ্ছেনা। তিনি আরো বলেন উপজেলা পরিষদে ন্যস্ত দপ্তর উপজেলা যুব উন্নয়ন এর শেখ জামাল উপজেলা যুব প্রশিক্ষণ ও বিনোদনকেন্দ্র নির্মাণের জন্য উপজেলা পরিষদে জায়গা সংকুলান না হওয়ায় উপজেলা পরিষদের বাহিরে জমি অধিগ্রহণের ব্যবস্থা গ্রহণ করেছে। এ ছাড়া উপজেলা পরিষদে ন্যস্ত আরো ২/১টি দপ্তর ভবন নির্মাণের জন্য জায়গা বরাদ্দের জন্য আবেদন জানান। উপজেলা পরিষদে জায়গা না থাকায় উক্ত দপ্তরকেও জায়গা বরাদ্দ দেয়া সম্ভব হয়নি। এমতাবস্থায়, বিএমডিএ এর জোনাল অফিস ভবন নির্মাণের জন্য চাহিত ০১ (এক) একর জমি বরাদ্দ প্রদান করা সম্ভব হচ্ছেনা মর্মে অভিমত ব্যক্ত করেন বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় | বিস্তারিত আলোচনান্তে বিএমডিএ এর জোনাল অফিস ভবন নির্মাণের জন্য পাঁচবিবি উপজেলা পরিষদ চত্বরে ০১ (এক) একর জমি না থাকায় বরাদ্দ প্রদান করা সম্ভব হচ্ছেনা মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |

চেয়ারম্যান, কুসুম্বা ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, তাঁর ইউনিয়নের বৃদ্ধিগ্রাম হতে মঠপাড়া পর্যন্ত ০১ (এক) কি:মি: রাস্তা (রাধা গোবিন্দ মন্দির সমিতি কর্তৃক), ধুরইল হতে জাম্বুবান পর্যন্ত ০১ (এক) কি:মি: রাস্তা (ধুরইল জিহাদ পুরুষ সমিতি কর্তৃক), কাঁটাপুকুর হতে জয়হার পর্যন্ত ০১ (এক) কি: মি: রাস্তা (ভূমিহীন নারী সমিতি কর্তৃক), ডি,বি রাস্তা হতে ঢাকারপাড়া পর্যন্ত ০১ (এক) কি: মি: রাস্তায় (রাখীবন্ধন পুরুষ সমিতি কর্তৃক) প্রশিকা এনজিও কর্তৃক রোপিত উল্লিখিত রাস্তাসমূহের উভয় পার্শ্বের কর্তনযোগ্য গাছ বিধি মোতাবেক নিলামে বিক্রয় অন্তে কর্তন করা প্রয়োজন। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সুপারিশ করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়

আলোচনান্তে সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী বিধি মোতাবেক কুসুম্বা ইউনিয়নের বৃদ্ধিগ্রাম হতে মঠপাড়া পর্যন্ত ০১ (এক) কি:মি: রাস্তা (রাধা গোবিন্দ মন্দির সমিতি কর্তৃক), ধুরইল হতে জাম্বুবান পর্যন্ত ০১ (এক) কি:মি: রাস্তা (ধুরইল জিহাদ পুরুষ সমিতি কর্তৃক), কাঁটাপুকুর হতে জয়হার পর্যন্ত ০১ (এক) কি: মি: রাস্তা (ভূমিহীন নারী সমিতি কর্তৃক), ডি,বি রাস্তা হতে ঢাকারপাড়া পর্যন্ত ০১ (এক) কি: মি: রাস্তায় ( রাখী বন্ধন পুরুষ সমিতি কর্তৃক) প্রশিকা এনজিও কর্তৃক রোপিত উল্লিখিত রাস্তাসমূহের উভয় পার্শ্বের কর্তনযোগ্য গাছগুলো নিলাম ডাকের মাধ্যমে বিক্রয় ও কর্তন বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো এবং এবিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, কুসুম্বা ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হলো

চেয়ারম্যান, আটাপুর ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, তাঁর ইউনিয়নের উচাই হতে পাথরঘাটা রাস্তার সূর্য্যাপুর তরুন সংঘ সমিতি কর্তৃক রোপিত সূর্য্যাপুর গ্রামে বসতবাড়ীর ক্ষতিসাধনের আশংকায় ০৪টি গাছ বিধি মোতাবেক নিলামে বিক্রয় অন্তে কর্তন করা প্রয়োজন। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সুপারিশ করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়

আলোচনান্তে সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী বিধি মোতাবেক আটাপুর ইউনিয়নের উচাই হতে পাথরঘাটা রাস্তার সূর্য্যাপুর তরুন সংঘ সমিতি কর্তৃক রোপিত সূর্য্যাপুর গ্রামে বসতবাড়ীর ক্ষতিসাধনের আশংকায় ০৪টি কর্তনযোগ্য গাছ নিলাম ডাকের মাধ্যমে বিক্রয় ও কর্তন বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো এবং এবিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, আটাপুর ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হলো

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাঁচবিবি বিভাগীয় কমিটির সদস্য-সচিবগণকে সভাপতির সাথে আলোচনাক্রমে নিয়মিতভাবে প্রতি ২ মাস অন্তর সভা আহবানপূর্বক অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর কপি সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য সকল দপ্তর প্রধানগণকে অনুরোধ জানান । এছাড়া করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সরকারি নির্দেশনা অনুযায়ী সম্পন্ন করার জন্যও অনুরোধ জানান।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাঁচবিবি সভায় বলেন যে, এ উপজেলার সকল দপ্তর যথানিয়মে সকল কার্যক্রম সম্পাদন করছেন এজন্য তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সরকারি নির্দেশনা অনুযায়ী সম্পন্ন করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

মোঃ মনিরুল শহিদ মন্ডল
চেয়ারম্যান ,উপজেলা পরিষদ
পাঁচবিবি, জয়পুরহাট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাঁচবিবি, জয়পুরহাট
www.panchbibi.joypurhat.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি,
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং-০৫.৪৩.৩৮৭৪.০০০.০২.০০৬.২১-৭১২

তারিখ: ১১ ভাদ্র, ১৪২৮
২৬ আগস্ট, ২০২১

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য, জয়পুরহাট-১ ও মুখ্য উপদেষ্টা, উপজেলা পরিষদ, পাঁচবিবি, জয়পুরহাট
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৪। পরিচালক, স্থানীয় সরকার , রাজশাহী বিভাগ, রাজশাহী
০৫। জেলা প্রশাসক, জয়পুরহাট
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,পাঁচবিবি, জয়পুরহাট
০৭। মেয়র, পাঁচবিবি পৌরসভা, পাঁচবিবি, জয়পুরহাট
০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, পাঁচবিবি
০৯। উপজেলা ..........................................অফিসার, পাঁচবিবি, জয়পুরহাট
১০। চেয়ারম্যান, ........................... (সকল) ইউনিয়ন পরিষদ, পাঁচবিবি, জয়পুরহাট

উপজেলা পরিষদের পক্ষে

২৬.০৮.২০২১

মো. বরমান হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
পাঁচবিবি, জয়পুরহাট